

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।

২০২২ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২২ শিক্ষাবর্ষে তৃতীয় ও নবম শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্রীদের নিচের সময়সূচি অনুযায়ী ভর্তি ফরম সংগ্রহ এবং ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২৩/১২/২০২১ তারিখ, বৃহস্পতিবারের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। শুধুমাত্র আসন শূন্য থাকা সাপেক্ষে মূল অপেক্ষমান তালিকা হতে ক্রমানুসারে আগামি ২৬/১২/২০২১ তারিখ, রবিবার দুপুর ১২:০০ টায় অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে।

তৃতীয় ও নবম শ্রেণির ভর্তি ফরম বিতরণ ও ভর্তির সময় সূচি :

ভর্তি ফরম সংগ্রহের তারিখ : লটারিতে নির্বাচিত (সাধারণ): ১৮/১২/২০২১ তারিখ, শনিবার ভর্তি ফরম বিতরণ করা হবে।

প্রভাতি শাখা : সকাল ৯:০০টা থেকে ১০:৩০ মিনিট

দিবা শাখা : সকাল ১০.০০টা থেকে ১১.৩০ মিনিট

কোটায় নির্বাচিত : কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ১৯/১২/২০২১ তারিখ, রবিবার ভর্তি ফরম বিতরণ করা হবে।

প্রভাতি শাখা : সকাল ৯.০০টা থেকে ১০.৩০ মিনিট

দিবা শাখা : সকাল ১০.০০টা থেকে ১১.৩০ মিনিট

কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে (শিক্ষার্থী সহ বাবা অথবা মা) উপস্থিত হতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে অপেক্ষমান তালিকা থেকে শূন্য আসন পূরণ করা হবে।

ভর্তির তারিখ : ১৯/১২/২০২১ তারিখ, রবিবার ও ২০/১২/২০২১ তারিখ, সোমবার

প্রভাতি শাখা : সকাল ৯.০০টা থেকে ১০.০০ টা

দিবা শাখা : সকাল ১০.০০টা থেকে ১১.০০ টা

বিশেষ নির্দেশাবলী :

- ১। তৃতীয় ও নবম শ্রেণিতে ভর্তি ফরম সংগ্রহের সময় ছাত্রীকে অবশ্যই অভিভাবক সহ ভর্তির Applicants Copy, জন্মসনদের মূল কপি এবং পূর্ববর্তী বিদ্যালয়ের উত্তীর্ণের প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে।
- ২। কোটায় নির্বাচিত ছাত্রীদের ভর্তির ফরম সংগ্রহের সময় দাবিকৃত কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র জমা দিতে হবে।
- ৩। তৃতীয় ও নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয়ের ছাড়পত্রের মূলকপি, শিক্ষার্থীর দুই কপি পার্সপোট সাইজের ছবি ও জন্মসনদের সত্যায়িত কপি এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৪। মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের সনদ স্ব স্ব মন্ত্রণালয় কর্তৃক যাচাই সাপেক্ষে সঠিক প্রমাণিত না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৫। ক্যাচমেন্ট এরিয়া (মতিঝিল, শাহজাহানপুর, সবুজবাগ, পল্টন, রমনা, খিলগাঁও ও মুগদা থানা) কোটায় নির্বাচিত ছাত্রীদের কোটার স্বপক্ষে পিতা বা মাতার জাতীয় পরিচয়পত্র/ফ্ল্যাটের মালিকের প্রমাণপত্র/সরকারি বাসা বরাদ্দের আদেশের কপি/ভাড়া/ইউটিলিটি চার্জ পরিশোধের রশিদ/ভাড়াটিয়া নিবন্ধন ফরমের ফটোকপি প্রমাণপত্র স্বরূপ জমা দিতে হবে।

বি: দ্র: স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক মাস্ক পরিধান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

নাজমুন নাহার শাহীন

প্রধান শিক্ষক

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

ঢাকা-১০০০।

